চাঁদপুরের ইনোভেশন রিপোর্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর

(আইসিটি শাখা)

www.chandpur.gov.bd

## চাঁদপুর জেলা ইনোভেশন টিমের ২০১৮ সালের বাৎসরিক প্রতিবেদন

২০১৮ সালে চাঁদপুর জেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে TCV (Time, Cost, Visit) কমিয়ে সেবা সহজীকরণের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করে বিভিন্ন ইনোভেটিভ উদ্যোগ হাতে নেয়া হয়। যা বাস্তবায়নের ফলে সরকারি দপ্তরে সেবা গ্রহণের বিষয়ে মানুষের মনে ভ্রান্ত ধারণা দূর হয়ে আগ্রহ , উদ্দীপনা ও আস্থা বৃদ্ধি পেয়েছে। চাঁদপুর জেলা ইনোভেশন টিম সেবা সহজীকরণের জন্য যে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছে যার ফলশ্রুতিতে সেবাসমূহ জনগণের নিকট সহজলভ্য হয়েছে তা নিম্নরূপঃ

### ১।One-Stop HelpDesk/সেবাকেন্দ্র স্থাপনঃ

মধ্যস্বত্বভোগী ও অভ্যন্তরীণ চক্র থেকে প্রতিকার দেওয়ার লক্ষ্যে শাহরাস্তি উপজেলা ভূমি অফিসে একটি স্বয়ংসম্পূর্ণ সেবাকেন্দ্র ( Help Desk) যা অনেকটা One-stop Serviceএর আদলে গড়ে তোলা হয়েছে। সম্পূর্ণ আকর্ষণীয় ও দৃষ্টিনন্দন সজ্জায় এই কেন্দ্রটিতে সরকার নির্ধারিত ফর্ম ছাপানো, এর স্ট্যাম্প ফি ও আনুষঙ্গিক কাগজপত্র সহ জনগণকে সরবরাহ করা হয়। এছাড়াও যে কোন মামলা মোকদ্দমা, আবেদন দায়েরের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানানো হয়। প্রয়োজনে আবেদনকারীর অনুরোধে তার আবেদন বা সংশ্লিষ্ট কাগজপত্র কম্পোজ করে সরবরাহ করা হয়। এতে সাধারণ মানুষ এই Help Desk হতেই সবধরণের আবেদন, পরামর্শ, সহযোগিতা পেতে

অভ্যস্ত হয়ে উঠছেন। ফলে স্বভাবতই অন্য কোন ব্যক্তির উপর নির্ভরতা কমছে। ফলে আবেদনকারী জমির মালিককে অধিকমূল্য ব্যয়ের ভোগান্তি বহন করতে হয় না।

**২। ভূমি অফিসের Application Software based একটি পৃথক ওয়েবসাইটের মাধ্যমে নামজারির পুর্ণাঙ্গ পদ্ধতিটি পৃথক ডাটা বেইজেরমাধ্যমে ৪৫ দিনের পরিবর্তে ২৫ কর্মদিবসের মধ্যে সমাপ্তকরণ:**

চাঁদপুর জেলার সকল উপজেলা ভূমি অফিসে Application Software based একটি পৃথক ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন নামজারি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পৃথক ওয়েবসাইটে অনলাইনে নামজারির আবেদন গ্রহণ এবং যথানিয়মে তা নিষ্পত্তি করা হয়। এ পদ্ধতিতে নামজারির আবেদন নিস্পত্তির ফলে নামজারির প্রত্যেকটি ধাপে আবেদনকারীগণের নিকট মোবাইল মেসেজ পৌঁছার কারনে আবেদনকারীগণ তাদের নামজারির আবেদনের সর্বশেষ অবস্থা সম্পর্কে জানতে পারেন।অনলাইনে নামজারি প্রক্রিয়া চালুকরণের ফলে আবেদনকারীগণ স্বল্প সময়ে (মাত্র ২৫ দিনের মধ্যে) তার নামজারি খতিয়ানের কপি গ্রহণ করছেন। এই Applicationএর ফলে সেবা সহজীকরণ হয়েছে এবং জনগণের ভোগান্তি অনেকাংশে কমানো সম্ভব হয়েছে।

পূর্বে একটি নামজারি কার্যক্রম সম্পন্ন করতে ৬০-৯০দিন লাগত যা এখন মাত্র ২৫ দিনের মধ্যেই সম্পন্ন হচ্ছে। জানুয়ারি ২০১৬-মে২০১৬ পর্যন্ত৯৬০৭টি নামজারি ২৫ দিনের মধ্যে সম্পন্ন হয়েছে।

**৩।DC Office Chandpur ফেসবুক পেইজঃ**

DC Office Chandpur ফেসবুক পেইজ চাঁদপুর জেলা প্রশাসনের অনলাইন মুখপাত্র হিসেবে কাজ করে আসছে। এ জেলার বিভিন্ন উন্নয়ন , অগ্রগতি, সংস্কারের তথ্য এবং সাধারণ মানুষের সুখ-দুঃখের কেন্দ্র বিন্দু হিসেবে পরিনত হয়েছে এই পেইজটি। যারা সরাসরি জেলা প্রশাসকের নিকট আসতে পারেন না কিংবা জনগুরুত্বপূ Y© কোন তথ্য যে কেউ ইচ্ছা করলেই উক্ত ফেসবুক পেইজে কমেন্টস কিংবা ইনবক্স করে জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছেন। জেলা প্রশাসন উক্ত তথ্য যাচাই করে তাৎক্ষণিক তা সমাধানের ব্যবস্থা করছে।

**৪। সিসি টিভি মনিটরিং**

জেলা প্রশাসকের কার্যালয় , বাসভবন, সার্কিট হাউসসহ জেলা পর্যায়ের প্রায় সকল অফিস এবং উপজেলা পরিষদসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় , উপজেলা ভূমি অফিস ও সকল থানাতে সিসি টিভি লাগানো হয়েছে।যার মাধ্যমে অফিসসমূহে নিরাপত্তা নিশ্চিত হচ্ছে।

৫। **WiFi zone :**

জেলা প্রশাসন চাঁদপুর এর ৩বছরব্যাপীপরিকল্পনারপ্রথমবছরেএজেলায়৬টিওয়াইফাই জোন প্রতিষ্ঠা করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।ইতোমধ্যে ১৪টি প্রতিষ্ঠানে ওয়াইফাই জোনপ্রতিষ্ঠাকরাহয়েছে। এছাড়াও ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্বল্পপরিসরে WiFi zone চালু করা হয়েছে।

৬। **আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগী সকল সদস্যের ডাটাবেইজ ওয়েবসাইটে প্রদর্শন:**

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ এর স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যেস্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠাকল্পে আশ্রয়ণ প্রকল্পে উপকারভোগী সকল সদস্যের ডাটাবেইজ ওয়েবসাইটে প্রদর্শন করা হচ্ছে। চাঁদপুর সদর উপজেলার ৮টি আশ্রয়ণ প্রকল্পের ৯৮১ জন এবং মতলব উত্তর উপজেলার ৪ টি আশ্রয়ণ প্রকল্পের৩৮০ জন উপকারভোগীদের ডাটাবেইজ ওয়েবসাইটে প্রদর্শিত হচ্ছে।

৭।জেলার সকল বীর মুক্তিযোদ্ধাদের ডাটাবেস তৈরিকরা হয়েছে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

৮। জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে ভিজিডি উপকারভোগীদের ডাটাবেস তৈরি করা হয়েছে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

৯। ইউপি সচিবদের বেতন ভাতা প্রতি মাসের ০১-০৩ তারিখের মধ্যে তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে প্রদান করা হচ্ছে।

১০। ১৬ নভেম্বর - ১৫ ডিসেম্বরক্রীড়া মাস/ ২০১৫ হিসেবে উদ্‌যাপনের জন্য ১৩টি ক্রীড়া ইভেন্ট নির্ধারণ করে স্থানীয়ভাবে বাস্তবায়ন করা হয়েছে

১১। ডিসেম্বর/২০১৫ মাসকে সাংস্কৃতিকমাসহিসেবেউদ্‌যাপন করা হয়েছে।

১২। আবেদনের পর হতে ১১তম কর্মদিবসের মধ্যে জেলা মার্কেটিং অফিসারের তত্ত্বাবধানে মার্কেটিং লাইসেন্স ইস্যু করা হচ্ছে।

**উদ্ভাবনী Kg©পরিকল্পনা ২০১৬ অনুযায়ী জুন মাস পর্যন্ত নিম্নবর্ণিত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন করা হয়েছেঃ**

**১| ই-স্বাস্থ্য সেবা**

সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে স্কাইপে/ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সরাসরি UDC'র সহায়তায় প্রান্তিক জনগণকে ই-স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে।গৃহীত পদক্ষেপটি স্থানীয় পর্যায়ে ব্যাপক সাড়া ফেলেছে এবং ৩০৬২ জন জনগণ ইতোমধ্যে এ পদ্ধতিতে স্বাস্থ্য সেবা গ্রহণ করেছে।

২। **মূল্য তালিকার** ডিজিটালডিসপ্লে বোর্ড**:**

চাঁদপুর জেলার তিন বছরের উন্নয়ন কর্মপরিকল্পনার অংশ হিসেবে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে জেলার ঐতিহ্যবাহী পুরান বাজারে একটি (৮ ফুট X২ ফুট) এলইডি ডিজিটাল মূল্যতালিকা বোর্ড স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছিল যা গত ১৮/০৫/২০১৬ তারিখে স্থাপন করা হয় এবং ০৫/০৬/১৬ তারিখ উদ্বোধন করা হয়। এই বোর্ডে প্রতিদিন নিত্য প্রয়োজনীয় পণ্যের হালনাগাদ মূল্যতালিকা প্রদর্শণ করা হচ্ছে , ফলে এতে একদিকে যেমন বাজার মনিটরিং করা সহজ হচ্ছে তেমনি ক্রেতারা সঠিক ও ন্যায্য মূল্যে পণ্য ক্রয় করতে পারছেন।

**৩।সরকারিসকলদপ্তরেই-এটেনডেন্সেরব্যবস্থা**

জেলাপ্রশাসকমহোদয়ের৩বছরব্যাপীপরিকল্পনারপ্রথমবছরেএজেলার২০টিদপ্তরেই-এটেনডেন্সবাডিজিটালহাজিরাচালুকরারলক্ষ্যমাত্রানির্ধারণকরাহয়।ইতোমধ্যে২৫ দপ্তরে ই-এটেনডেন্স চালুকরাহয়েছে।

**৪। অনলাইন ডিলিং লাইসেন্স এর আবেদনঃ**

জেলা প্রশাসকের কার্যালয় থেকে  ডিলিং লাইসেন্স প্রদানের বিষয়ে অনলাইনে কাযক্রম চালু করা হয়েছে। আবেদনকারী যে কোন জায়গা হতে www.dcceservice.com ওয়েব সাইটের মাধ্যমে সরাসরি আবেদন করতে পারেন। বতমানে অনলাইনের মাধ্যমে আবেদনকারীরা আবেদন শুরু করেছেন। নতুন ডিলিং লাইসেন্স  ০৭ দিনের মধ্যে ও নবায়নকৃত লাইসেন্স  ০৩ দিনের মধ্যে প্রদান করা হয়।

**৫। অনলাইন ইটভাটা লাইসেন্স এর আবেদনঃ**

ইটভাটার লাইসেন্স প্রদানের বিষয়ে অনলাইনে কাযক্রম চালু করা হয়েছে। আবেদনকারী যে কোন জায়গা থেকে  www.dcceservice.com ওয়েব সাইটের মাধ্যমে সরাসরি আবেদন করতে পারেন। বতমানে অনলাইনের মাধ্যমে আবেদনকারীরা আবেদন করতে শুরু করেছেন। নতুন লাইসেন্স প্রদান করা হয় ১৫ দিনের মধ্যে ও নবায়ন করা হয় ০৭ দিনের মধ্যে।